

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (প্রশাসন)  
www.dme.gov.bd

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৬২.০০১.১৮.১৪

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪

০৮ মার্চ ২০১৮

বিষয়: সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ (উপাধ্যক্ষ)  
কে আয়ন-বায়ন কর্মকর্তার দায়িত্ব প্রদান প্রসঙ্গে

সূত্র: ১. দায়িত্ব অর্পণ ও গ্রহণের আর্টিকেল-৪৭ এর স্মারক নং ৩৭.০২.১০০০.০০০.০০/০৩৬(১২) তারিখ:  
০১/০২/২০১৮ খ্রি.

২. ভার প্রাপ্ত অধ্যক্ষের আবেদনের স্মারক নং ৩৭.০২.০০০০.০০০.০০৩.১৮/৫৭ তারিখ: ২৭.০২.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া অধ্যক্ষ শাইখ মুহম্মদ নজরুল ইসলাম (৮৬৪৭) পি. আর . এল গমনের উদ্দেশ্যে গত ০১/০২/২০১৮ খ্রি. তারিখের পূর্বাধে দায়িত্ব হস্তান্তরের প্রেক্ষিতে সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, এর উপাধ্যক্ষ জনাব মো: মোখলেছুর রহমান (৯২১১) ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্বভার গ্রহণ করেন।

০২. সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া এর চলমান কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে পূর্ণাঙ্গ অধ্যক্ষ যোগদানের পূর্ব পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের উপর সাময়িক আর্থিক ক্ষমতা অর্পণ প্রয়োজন বিধায় ট্রেজারি বুল, সাবসিডিয়ারি বুল, জিএফআর, এর ক্ষমতাবলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মোখলেছুর রহমান (৯২১১) কে আয়ন-বায়ন কর্মকর্তার ক্ষমতা প্রদানের জন্য অত্র অধিদপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে জনাব মো: মোখলেছুর রহমান কে দায়িত্ব গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে নিম্ন শর্তে অধ্যক্ষের রুটিন দায়িত্বের সাথে আয়ন-বায়ন কর্মকর্তার আর্থিক ক্ষমতা প্রদান করা হলো-

ক. আর্থিক ক্ষমতা পালনকালীন কোন প্রকার আর্থিক অনিয়ম হলে তিনি ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

খ. PPA-2006 এবং PPR-2008 বিদ্যমান অন্যান্য আর্থিক বিধি বিধান অনুসরণক্রমে তিনি অর্থ ব্যয় করবেন

গ. এ সংক্রান্ত সকল প্রকার রেজিস্টার এবং ভাউচার সমূহ সংরক্ষণের ব্যবস্থা করবেন।

ঘ. পূর্ণাঙ্গ অধ্যক্ষ যোগদানের সাথে সাথে বা অন্য কেউ ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব গ্রহণের সাথে সাথে প্রাপ্ত আর্থিক ক্ষমতা রহিত হয়ে যাবে।

এমতাবস্থায় উপরিউক্ত বিধি-বিধান অনুযায়ী দায়িত্ব পালনের জন্য মহোদয়কে অনুরোধ করা হল।



৮-৩-২০১৮

মোঃ বিল্লাল হোসেন

মহাপরিচালক

ফোন: ৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

মো: মোখলেছুর রহমান, ভারপ্রাপ্ত অধ্যক্ষ

সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া

ইমেইল: dgdmeb@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহনপুল, ঢাকা
- ২) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস, বগুড়া
- ৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদরাসা, বগুড়া
- ৪) পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫) উপ-পরিচালক (অর্থ), মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা



৮-৩-২০১৮

মো: শাহীনুর ইসলাম

সহকারী পরিচালক